

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

অগ্রহায়ণ ১০, ১৪২৩

তারিখ :-----

নভেম্বর ২৪, ২০১৬

এফই সার্কুলার নং- ২৮

বৈদেশিক মুদ্রায় নেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিৎ ও রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ রঞ্জনির বিপরীতে ভর্তুকি প্রদান প্রসংগে।

এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এর মাধ্যমে হাড়ের গুড়া রঞ্জনির বিপরীতে ভর্তুকি প্রদানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জ্ঞাপন করা হয়। পরবর্তীতে সার্কুলার পত্র নং এফইপিডি(রঞ্জনি-১)২৯১/হাড়ের গুড়া/২০০৪-৫৩৯, তারিখ জুলাই ২৫, ২০০৪ এর মাধ্যমে গরুর শরীরের বিভিন্ন অংশ (হিমায়িত) যেমন ভুঁড়ি, হাড়, নাকের নরম হাড়, পা ও অন্যান্য অংশ রঞ্জনির বিপরীতে এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এর আওতায় ভর্তুকি প্রদেয় হবে মর্মে নির্দেশনা জানানো হয়। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে হাড়ের গুড়া রঞ্জনির বিপরীতে ভর্তুকি প্রযোজ্য থাকবে না। তবে গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিৎ, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ রঞ্জনির বিপরীতে রঞ্জনি ভর্তুকি প্রযোজ্য হবে। আলোচ্য খাতে ভর্তুকি পরিশোধ বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংকের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদগুলোতে বর্ণনা করা হলো :

০২। ভর্তুকির প্রাপকগুলি ও প্রাপ্ত্যক্ষার মাত্রা : সম্পূর্ণ স্থানীয় উৎস হতে সংগ্রহকৃত গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিৎ, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে রঞ্জনির ক্ষেত্রে নীট এফওবি মূল্যের ওপর ১০% হারে উৎপাদনকারী-রঞ্জনিকারকের ভর্তুকি প্রাপ্ত্য হবে।

০৩। রঞ্জনি ভর্তুকির আবেদনপত্র দাখিলের শর্তাবলী :

(ক) রঞ্জনিকৃত পণ্যের হ্যান্ডেলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণে নির্বাহকৃত ব্যয় এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিবহন এবং ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয়ের বিপরীতে ডলিউটিও বিধি অনুযায়ী আলোচ্য ভর্তুকি প্রদেয় হবে।

(খ) রঞ্জনি ঝণপত্র/চুক্তিপত্রের আওতায় রঞ্জনি পরবর্তী পর্যায়ে প্রণীত দলিলাদি কিংবা ডকুমেন্টারী কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রঞ্জনি আয়ের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় রঞ্জনিকারকগণ রঞ্জনি ভর্তুকির জন্য ফরম-ক অনুসারে আবেদনপত্র দাখিল করতে পারবেন। টিটি'র মাধ্যমে অগ্রিম রঞ্জনিমূল্য প্রত্যাবাসনের শর্তব্যুক্ত রঞ্জনি ঝণপত্র/চুক্তির বিপরীতে রঞ্জনির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ হতে প্রকৃত রঞ্জনির নিমিত্তে টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে নিতে হবে। টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে নিতে হবে। আমদানিকারক কর্তৃক সম্পূর্ণ হতে হবে এবং টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্যসূত্র উল্লেখ থাকতে হবে। সকল ক্ষেত্রে ভর্তুকির আবেদনপত্র বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নন্ট্রো হিসাবে রঞ্জনি মূল্য আকলনের (রঞ্জনি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিল করতে হবে। তবে একই রঞ্জনির বিপরীতে ভিন্ন ভিন্ন চালানের মাধ্যমে রঞ্জনির বিপরীতে ভর্তুকির আবেদন পত্র দাখিলের বিষয়ে এফই সার্কুলার নং ১২, তারিখ ডিসেম্বর ২০, ২০১২ এর নির্দেশনা অনুসরণীয় হবে।

(গ) রঞ্জনির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন জাহাজীকরণের প্রমানস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট, শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বিল অব এক্সপোর্ট (Summary of amendments ও Examination report (২য় পৃষ্ঠা) সহ) ইত্যাদি দাখিল করতে হবে।

০৪। অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি :

(ক) রঞ্জনি ভর্তুকির আবেদন ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলো সম্পূর্ণ ও পূর্ণসং আকারে আবেদনের সাথে যুক্ত থাকার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক প্রাথমিক পরীক্ষণে নিশ্চিত হবে। ভর্তুকির আবেদনপত্রের সাথে "Bangladesh Omasum Exporter Association" হতে সংযোজিত ছক (ফরম-খ) মোতাবেক সনদপত্র দাখিল করতে হবে। রঞ্জনির ক্ষেত্রে যেসকল ডকুমেন্ট ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলোর যথার্থতা ও সেগুলোতে উল্লেখিত তথ্যাদির শুন্দতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা নিশ্চিত হবে। প্রাথমিক পরীক্ষণে পরিলক্ষিত ক্রটির/অসম্পূর্ণতার (যদি থাকে) বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির ০৩ (তিনি) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করবে।

(খ) আবেদনকারী প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার সাথে আবেদনপত্রে উল্লিখিত রঞ্জনি সামঞ্জস্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রযোজ্য কাগজপত্রাদি প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হতে অতিরিক্ত ব্যাখ্যা/তথ্যাদি এবং রঞ্জনি ও রঞ্জনি মূল্য প্রত্যাবাসন বিষয়ে ব্যাংক শাখার স্বীয় রেকর্ড হতে প্রযোজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা হতে সংগৃহীত তথ্যাদি/সনদপত্র সংযোজনাত্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকার প্রাপ্ত হওয়ার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপণ করবে। সংশ্লিষ্ট আবেদন ফরমে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাগুলো পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করে এ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

(গ) ভর্তুকির আবেদনপত্র মোতাবেক প্রদেয় অর্থের সঠিকতার বিষয়ে নিযুক্ত বহিগ্নীক্ষক ফার্ম দ্বারা প্রতিটি আবেদনপত্র নিরীক্ষা করাতে হবে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পর অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে রঞ্জনি ভর্তুকি বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে ফরম-গ অনুযায়ী প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়কৃত বর্ধিত ভর্তুকি প্রেক্ষিতে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত অর্থের বিবরণী ফরম-ঘ অনুসারে ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে দাখিল করতে হবে।

(ঘ) প্রতিক্ষেত্রে ভর্তুকি পরিশোধ অনুমোদনের সংগে সংগে সংশ্লিষ্ট রঞ্জনিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০০৯, ভলিউম-১ এর এপেন্ডিক্স-৫/২৩ অনুযায়ী), জাহাজীকরণের প্রমানস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট ও শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত বিল অব এক্সপোর্ট এর ওপরে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে ভর্তুকি পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করতে হবে, যাতে ঐ সকল দলিলাদি অপব্যবহারের সুযোগ না থাকে। একই রঞ্জনির আওতায় একই সুবিধার জন্য একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হওয়ার বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংকে শাখাকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এছাড়াও এফ,ই সার্কুলার-৩১, তারিখ-ডিসেম্বর ২৭, ২০০১ এর নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট রঞ্জনিকারকের রঞ্জনিমূল্য অপ্রত্যাবাসিত না থাকার বিষয়টি অনুমোদিত ডিলার ব্যাংককে বাংলাদেশ ব্যাংকের অনলাইন এক্সপোর্ট মনিটরিং সিস্টেম থেকে নিশ্চিত হয়ে নিতে হবে।

(ঙ) ভর্তুকি পরিশোধ নিষ্পত্তি সংশ্লিষ্ট সকল কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের পরীক্ষণের জন্য পরিশোধের তারিখ হতে অন্ত্য ০৩(তিনি) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করতে হবে।

(চ) রঞ্জনি সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম, রঞ্জনী উন্নয়ন বুরো, টিসিবি ভবন, ১ কাওরান বাজার হতে পরামর্শ গ্রহণ করবে।

#### ০৫। নিয়মবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থাদি :

(ক) বিধিবহির্ভূতভাবে ভর্তুকি পরিশোধ করা হলে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে।

(খ) সংঘটিত অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) সংঘটিত অনিয়মের সাথে রঞ্জনিকারক এসোসিয়েশনের কোন কর্মকর্তা যুক্ত থাকলে অথবা মিথ্যা তথ্য দিয়ে অনিয়মে সহযোগিতা করলে রঞ্জনিকারক এসোসিয়েশন/কর্মকর্তার বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেয়া যাবে।

০৬। ভর্তুকি বাবদ অর্থ পরিশোধ প্রক্রিয়া : সরকারী বাজেট বরাদের বিপরীতে ছাড়কৃত তহবিল হতে ভর্তুকি বাবদ দাখিলকৃত আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে অর্থ প্রদান করা হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।



(মোঃ জাফির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০

**গুরু মহিষের নাড়ি, ভঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) ইত্যাদি রপ্তানির বিপরীতে ভর্তুক প্রদান প্রসংগে।**

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : -----  
 রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর : -----

(খ) রপ্তানি খণ্ডপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য -----  
 (পাঠ্যোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের স্থানীয় সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য :  

সরবরাহকারীর নাম ও ঠিকানা	পরিমাণ	মূল্য
১	২	৩

(রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য ও সংগ্রহসূত্রের বিষয়ে "Bangladesh Omasum Exporter Association" এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানিকৃত পণ্য প্রক্রিয়াকরণে ব্যবহৃত আমদানিকৃত আনুসংগিক উপকরণাদি :  

সরবরাহকারীর নাম ও ঠিকানা	পণ্যের নাম ও পরিমাণ	খণ্ডপত্র/ব্যাক টু ব্যাক খণ্ডপত্র/ ডকুমেন্টারি কালেকশন নম্বর, তারিখ	মূল্য
১	২	৩	৪

(৩) নং কলামের খণ্ডপত্রের পাঠ্যোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে। )

(ঙ) রপ্তানি চালানের বিবরণ :  

পণ্যের বর্ণনা	পরিমাণ	আমদানিকারকের দেশের নাম	ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদায়)	জাহাজীকরণের তারিখ	ইএক্সপ্রি নম্বর	বৈদেশিক মুদায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

(কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং জাহাজীকরণের প্রমানস্বরূপ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বিল অব এক্সপোর্ট (Summary of amendments ও Examination report (২য় পৃষ্ঠা) সহ) ইত্যাদির সত্যায়িত পাঠ্যোগ্য কপি এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে।)

(চ) ভর্তুকির আবেদনকৃত অংক :  

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য	প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ	বৈদেশিক মুদায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে)	নেট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩)	প্রাপ্য ভর্তুকি ১০ ৮ X ----- ১০০
১	২	৩	৪	৫

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, সম্পূর্ণ স্থানীয় উৎস হতে সংগ্রহকৃত গুরু মহিষের নাড়ি, ভঁড়ি, শিং, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ আমাদের নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে রপ্তানির বিপরীতে ভর্তুকির জন্য আবেদন করা হলো। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদ্ঘাটিত হয় তবে গৃহীত ভর্তুকি সমুদয় অর্থ বা এর অংশবিশেষ আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ : -----

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী/  
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী।

(ছ) ভর্তুকি প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় :  

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদায়)	বৈদেশিক মুদায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ও প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়া বাবদ মোট বিয়োজন	নেট এফওবি রপ্তানিমূল্য ১-২	পরিশোধ্য ভর্তুকির পরিমাণ (টাকায়) : ১০ ৩ X ----- X ১০০	প্রযোজ্য ভর্তুকির পরিমাণ (টাকায়) : (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদার ওডি সাইট ক্রয় মূল্য)
১	২	৩	৪	৫

ভর্তুকির পরিমাণ ----- টাকা (কথায় : -----)।

পরিশোধ্যের তারিখ : -----

ভর্তুকি অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক  
কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী

**"Bangladesh Omasum Exporter Association" প্রদেয় প্রত্যয়ন সনদপত্র**

গরু মহিমের নাড়ি, ভুঁড়ি, শিং, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ  
রঞ্জনির বিপরীতে রঞ্জনি ভর্তুকি প্রাণির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :

২। রঞ্জনি খণ্পত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :

৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা :

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :

৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ :

৬। রঞ্জনিকৃত পণ্য উৎপাদনে স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৭। রঞ্জনিকৃত পণ্য প্রক্রিয়াকরণে ব্যবহৃত আমদানিকৃত আনুসংগিক উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৮। রঞ্জনি পণ্যের বিবরণ : পরিমাণ: মূল্য :

৯। জাহাজীকরণের তারিখ :

গন্তব্য বন্দর :

১০। ইএক্সপ্রিস নম্বর :

মূল্য : তারিখ :

১১। মোট প্রত্যাবাসিত রঞ্জনি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :

নেট এফওবি রঞ্জনি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :

১২। প্রত্যাবাসিত রঞ্জনি মূল্যের সনদপত্র নম্বর :

তারিখ :

**রঞ্জনিকারকের স্বাক্ষর ও তারিখ**

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, সম্পূর্ণ স্থানীয় উৎস (৬ নং ক্রমিকে বর্ণিত) হতে সংগ্রহকৃত গরু মহিমের নাড়ি, ভুঁড়ি, শিং, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ আমাদের নিজস্ব কারখানায় প্রক্রিয়াকরণের মাধ্যমে রঞ্জনির বিপরীতে রঞ্জনি ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

**রঞ্জনিকারকের স্বাক্ষর ও তারিখ**

রঞ্জনিকারকের উপরোক্ত ঘোষনার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রঞ্জনিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রঞ্জনি মূল্যের (নেট এফওবি মূল্য) ওপর রঞ্জনি ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

**"Bangladesh Omasum Exporter Association" এর দুইজন  
উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল**

[কোন প্রকার ঘষামাজা, কাটা ছেঁড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]

ফরম-'গ'

(অনুচ্ছেদ ৪(গ), এফই সার্কুলার নং-২৮/২০১৬ দ্রষ্টব্য)

এফই সার্কুলার নং ২৮/২০১৬ মোতাবেক

গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিৎ, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকি বাবদ পরিশোধ্য অর্থের দাবী প্রস্তাব

..... ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

ভর্তুকির আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	রপ্তানি সংশ্লিষ্ট তথ্য						শাখা কর্তৃক আবেদনপত্র গ্রহণের তারিখ	আবেদনকৃত অর্থের পরিমাণ	পরিশাধ্য দাবির পরিমাণ
	পণ্যের বিবরণ	জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল	ইএক্সপি নম্বর	মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রা)	নেট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা)	মূল্য প্রত্যাবাসনের তারিখ			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	

দাগুরিক সীল

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবী

ফরম-'ঘ'

(অনুচ্ছেদ ০৪(গ), এফই সার্কুলার নং- ২৮/২০১৬ দ্রষ্টব্য)

এফই সার্কুলার নং ২৮/২০১৬ মোতাবেক

গরু মহিমের নাড়ি, ভুঁড়ি, শিৎ, রগ (হাড় ব্যতীত) ইত্যাদি অংশ রঞ্জনির বিপরীতে ভর্তুকি বাবদ পরিশোধিত হিসাবের.....সালের.....মাসের বিবরণী

অনুমোদিত ডিলার ব্যাংক শাখার নামঃ.....

ভর্তুকির আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	রঞ্জনি সংশ্লিষ্ট তথ্য					পরিশোধিত ভর্তুকি (টাকা)	পরিশোধের তারিখ	শাখায় প্রাপ্ত অনিষ্পত্ন আবেদন	
	পণ্যের বিবরণ	জাহাজীকরণের তারিখ ও গন্তব্যস্থল	ইএক্সপি নস্বর	মোট প্রত্যাবাসিত রঞ্জনি মূল্য (বৈদেশিক মুদ্রা)	নেট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রা)			সংখ্যা	দাবীকৃত অর্থ (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

দাগুরিক সীল

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম, পদবী ও তারিখ